

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি
চিতলী, বৈটপুর, বাগেরহাট।
imt.bagerhat.gov.bd

স্মারক নং-৪৯.০১.০১০৮.০০২.১৮.০০১.২২/২৬১

তারিখ : ১১/০৯/২০২২ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি বাগেরহাটে পরিচালিত স্বল্পমেয়াদী (৩৬০ ঘণ্টা) কোর্সসমূহে দৈনিক হাজিরার ভিত্তিতে নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে অতিথি প্রশিক্ষক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অতিথি প্রশিক্ষক (ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন)	০১	প্রকল্পের নিয়ম অনুযায়ী প্রতি কার্যদিবসে ১২০০ (এক হাজার দুই শত) টাকা হারে মাসিক কার্যদিবস ২৩ দিন	৩৫ বছর	সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং। অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংসহ শিল্প কারখানায় সংশ্লিষ্ট কাজের ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। অথবা শিল্প কারখানায় কর্মরত মাস্টার ট্রাফটসম্যান/ফোরম্যান হিসেবে কর্মরতদের ক্ষেত্রে শিল্প-কারখানায় ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
০২	অতিথি প্রশিক্ষক (মেশিন শপ প্রাকটিস)	০১			
০৩	অতিথি প্রশিক্ষক (আইটি সাপোর্ট সার্ভিস)	০১			

আবেদনের নিয়মাবলী:

- আগ্রহী প্রার্থীদের লিখিত দরখাস্ত জীবন বৃত্তান্তসহ, সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সহ অধ্যক্ষ, ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট বরাবর আগামী ২৫/০৯/২০২২ খ্রিঃ পর্যন্ত অফিস সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি প্রেরণ করতে হবে।
- পরীক্ষার সময় আবেদনের সাথে প্রদত্ত সকল কাগজপত্রের মূল কপি সাথে আনতে হবে।
- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান মোবাইল এসএমএস/ই-মেইল/মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ আদেশ সংশোধন, স্থগিত এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

বিঃ দ্রঃ নির্ধারিত বিজনেস প্ল্যান অনুযায়ী সকল প্রকার আর্থিক সুবিধা/অন্যান্য সুবিধা/শর্তাবলী নির্ধারিত হবে।

Hoque
২০/০৯/২২

(প্রকৌশলী মোঃ জিয়াউল হক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মোবাইল : ০০১৪০৪৪১৩১৪৪

E-mail : imt.bagerhat@gmail.com